

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা: ০০.০০০৪.০৮২.০৪৭.০২৩.২০১৭-

তারিখ: ১৩ ভাদ্র ১৪২৪
২৮ আগস্ট ২০১৭

অফিস আদেশ

জনাব মোঃ বাবুল হোসেন, অফিস সহায়ক, প্রধানমন্ত্রীর কার্যালয় স্থায়ী ঠিকানা-পিতা-মৃত কছিম উদ্দিন, সাং-চন্দ্রখানা, থানা-ফুলবাড়ী, জেলা-কুড়িগ্রাম জনৈক প্রাণ কৃষক রায়(হিসি), পিতা-হরেন চন্দ্র রায়, সাং-নাগদাহ, থানা-ফুলবাড়ী, জেলা-কুড়িগ্রাম এর নিকট হতে কর্তৃকস্বরূপ ৫(পাঁচ লক্ষ) টাকা নেন। উক্ত টাকা পরিশোধের জন্য সোনালী ব্যাংক, ফুলবাড়ী শাখার হিসাব নম্বর ৩৪২২৬২০৮ এর অনুকূলে ০৮.০১.২০১৪ তারিখে ২(দুই লক্ষ) টাকা, ২৫.০২.২০১৪ তারিখে ২(দুই লক্ষ) টাকা এবং ১৩.০৩.২০১৪ তারিখে ১(এক লক্ষ) টাকার চেক প্রদান করেন। কিন্তু চেকসমূহ সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় জমা দিলে ব্যাংক হতে ডিজঅর্নার সার্টিফিকেট প্রদান করা হয়। পাওনা টাকা পরিশোধ না করায় জনাব প্রাণ কৃষক রায় বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত, কুড়িগ্রামে সি, ডি নং-৫২০/১৭ ফৌঃ দায়রা মামলা নং-২৬৩/১৫ইং দায়ের করেন।

২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত কুড়িগ্রাম ১৮৮১ সালের এন, আই এ্যাক্ট এর ১৩৮ ধারায় মোকদ্দমা আনয়ন করলে যার সি আর নং-২৮/১৪ইং ফুলঃ উক্ত মামলাটি বিচার নিষ্পত্তির জন্য বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত, কুড়িগ্রামে বিচার নিষ্পত্তি করে গত ২২.০৩.১৭ তারিখে তাকে উল্লিখিত ধারায় দোষী সাব্যস্ত করে ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা অর্থ দণ্ড তৎসহ (১) বছর বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত করেছেন।

৩। বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত, কুড়িগ্রাম মামলা নং-২৬৩/১৫ এর রায়ে সাজা প্রদান করায় The Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 অনুযায়ী জনাব মোঃ বাবুল হোসেন, অফিস সহায়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়কে ২২.০৩.১৭ তারিখ হতে চাকুরী থেকে বরখাস্ত (Dismiss) করা হলো।

৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-
ফরিদ আহাম্মদ
পরিচালক(প্রশাসন)

০৩.০০.০০০৪.০৮২.০৪৭.০২৩.২০১৭- ৬৪০

তারিখ : ২৮.০৮.২০১৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো :

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। মুখ্য সচিব/সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিস্টেমস এনালিস্ট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা-কালিয়াকৈর, জেলা-গাজীপুর।
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৭। জনাব মোঃ বাবুল হোসেন, অফিস সহায়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (বর্তমানে গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলা প্রকৌশলীর দপ্তরে সংযুক্তিতে কর্মরত)। বর্তমান ঠিকানা-বিল্ডিং নম্বর-২, বাসা নম্বর-২, এলেনবাড়ী সরকারি কোয়ার্টার, তেজগাঁও, ঢাকা। স্থায়ী ঠিকানা- পিতা-মৃত কছিম উদ্দিন, গ্রাম-চন্দ্রখানা, থানা-ফুলবাড়ী, জেলা-কুড়িগ্রাম।

ফরিদ আহাম্মদ
পরিচালক(প্রশাসন)

+৮৮০-২-৯১১৪২৭০